

৫।নীচের প্রশ্নগুলির উত্তর দাও : (দু-তিনটি বাক্যে) 22.05.2020
ক। 'কুড়ে ঘরে থেকে কর শিল্পের বড়াই'-কথাটি কে,কাকে কেন বলেছে?

উ:- কথাটি চড়াই পাখি বাবুই পাখিকে বলেছে।

বাবুই পাখি নিজের হাতে গড়া ছোটো বাসায় থাকে এবং রোদ বৃষ্টি ঝড়ে কষ্ট পায় তাই একথা বলেছে।

খ। "আমি থাকি মহা সুখে অট্টালিকা পরে,"- কে বলেছে? সে কি সত্যিই মহাসুখে থাকে?

উ:- এ কথা বলেছে চড়াই পাখি।

না, সে মহাসুখে থাকে না। কারন বাড়ির বা অট্টালিকার মালিক তাকে যে কোন সময় তাড়িয়ে দিতে পারে।

গ। কষ্ট পাই তবু থাকি নিজের বাসায়'- নিজের বাসায় কষ্টে থাকলেও সুখ কেন?

উ:- নিজের হাতে গড়া বাসায় স্বাধীনভাবে জীবনযাপন করা যায়। কেউ তাকে বাসা থেকে তাড়িয়ে দিতে পারে না। তাই সে বাসায় থাকা কষ্টকর হলেও সুখের।

ঘ। " পাকা হোক তবু ভাই পরেরও বাসা"-কে, একথা কাকে বলেছে? এরকম বলার কারণ কী ?

উ:- বাবুই পাখি চড়াই পাখিকে একথা বলেছে।

একথা বলার কারণ যদিও চড়াই অট্টালিকায় থাকে কিন্তু তা অপরের। অট্টালিকার মালিক তাকে যে কোন সময় তাড়িয়ে দিতে পারে।
ঙ। " নিজ হাতে গড়া মোর কাঁচা ঘর খাসা।" - কার কথা? কেন নিজ হাতে গড়া ঘরকে খাসা বলা হয়েছে?

উ:- এটি বাবুই পাখির কথা।

অপরের দয়ায় সুখে থাকার চেয়ে নিজে স্বাধীনভাবে দুঃখ কষ্টের মধ্যে থাকার অনেক ভাল। তাই তার কাঁচা ঘরকে খাসা বলা হয়েছে।